

এপ্রিল/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ০৬.০৪.২০২২ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায়
সভাপতি : মোছাঃ সাকিলা বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ সমাজ কল্যাণ বিষয়ক কমিটি সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : সমাজসেবার বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন

সিদ্ধান্ত : সমাজসেবা বিভাগের বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে উপজেলা পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি


উপজেলা পরিষদ সমাজ কল্যাণ বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।।

স্মারক নং-

তারিখ : ০৬.০৪.২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ।
৫. অফিস কপি।


সদস্য সচিব -

উপজেলা পরিষদ সমাজ কল্যাণ বিষয়ক কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।